

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ৬টি প্রতিষ্ঠানকে ১,৫৪ লক্ষ টাকা জরিমানা

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় ও জেলা কার্যালয়ের মোট ৬ জন কর্মকর্তার নেতৃত্বে গত ৪ জুন ২০১৬ তারিখে ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকায় বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আতিয়া সুলতানার নেতৃত্বে ঢাকা মহানগরীর গুলশান এলাকায় অস্বাস্থ্যকর উপায়ে খাদ্য পণ্য তৈরীর অপরাধে মেসাস হাসিব বানিয়াতি স্টোর, ব্রাদাস জেনারেল স্টোর, ফার্মেসী-২৪ ও ইসলাম জেনারেল স্টোরকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা ও ৮,০০০/- (আট হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে আধুনিক স্টোরকে ১৫,০০০/- (পনের হাজার) টাকাসহ মোট ৪৩,০০০/- (তেতাঙ্গিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমানের নেতৃত্বে ঢাকা মহানগরীর বনামী এলাকায় অস্বাস্থ্যকর উপায়ে খাদ্য পণ্য তৈরীর অপরাধে নিউ গোল্ড স্টোর রেস্টোরাকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে ভাই ভাই জেনারেল স্টোর ও সাইফুল স্টোরকে যথাক্রমে ৩,০০০/- (তিনি হাজার) টাকা ও ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ৩৫,০০০/- (পঞ্চত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজটীর নেতৃত্বে ঢাকা মহানগরীর দারুস সালাম এলাকায় ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে প্রিস্ট চাইনিজ রেস্টুরেন্টকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আলম মাসুমের নেতৃত্বে ঢাকা মহানগরীর শাহ অলী ও দারুস সালাম এলাকায় অস্বাস্থ্যকর উপায়ে খাদ্য পণ্য তৈরীর অপরাধে আবানুল্লাহ হোটেল এন্ড রেস্টুরেন্ট ও খাজা আজমেরী হোটেল এন্ড রেস্টুরেন্টকে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ২০,০০০/- (বিশ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে রাক্ষী ফ্লাওয়ার মিলকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে জামাল গোষ্ঠের দোকানকে ১,০০০/- (এক হাজার) টাকাসহ মোট ৩১,০০০/- (একত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আলমগির এন্টারপ্রাইজ ও আমেনা স্টোরকে যথাক্রমে ৩,০০০/- (তিনি হাজার) টাকা ও ২,০০০/- (দুই হাজার) টাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে ফাস্ট মেডিপয়েন্টকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, পরিমাপে কারচুপির অপরাধে আল-আমিন ফলের দোকানকে ৫০০/- (পাঁচশত) টাকা এবং অস্বাস্থ্যকর উপায়ে খাদ্য পণ্য তৈরীর অপরাধে আলিম হোসেনের মাংসের দোকান, সোহাগের মাংসের দোকান ও সিটি স্টোরকে যথাক্রমে ৫০০/- (পাঁচশত) টাকা, ৫০০/- (পাঁচশত) টাকা ও ৩,০০০/- (তিনি হাজার) টাকাসহ মোট ১৪,৫০০/- (চৌদ্দ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিনের নেতৃত্বে ঢাকা মহানগরীর ওয়ারী এলাকায় অস্বাস্থ্যকর উপায়ে খাদ্য পণ্য তৈরীর অপরাধে লাট মিয়া হোটেল এন্ড রেস্টুরেন্টকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপির অপরাধে ইসলামের মাছের দোকান ও মুনাফের মাছের দোকানকে ৫০০/- (পাঁচশত) টাকা করে ১,০০০/- (এক হাজার) টাকাসহ মোট ১১,০০০/- (এগার হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৬টি বাজার তদারকিতে ২৩টি প্রতিষ্ঠানকে মোট ১,৫৪,৫০০/- (এক লক্ষ চুয়াল হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট আর্মড পুলিশ ব্যাটালিয়ান, ঢাকা মহানগর পুলিশ ও সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা মহানগর।
- ৭। পুলিশ সুপার, ঢাকা মহানগর।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিবের মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।